বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
ফুলতলা, খুলনা।

স্মারক নম্বরঃ ৪৭.৬২.৪৭৬৯.৮৫৪.১৬.০৭৯.১৭-১১৭ তারিখঃ ১১/০৩/২০২০ খ্রিঃ

বিষয়ঃ নিয়মিত ঋণের কিস্তি আদায়ে সতর্কীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার আওতাধীন সমিতি/দল সমূহে বিতরণকৃত ঋণের কিস্তি আদায়ের হার নাজুক। এতে প্রতীয়মান হয় আপনি আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথ পালন করছেন না। ফলে সদস্য পর্যায়ে সরকারের দারিদ্র বিমোচনের লক্ষ্যমাত্রা চরমভাবে ব্যহত হচ্ছে এবং অত্র দপ্তরের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে। ফলে নিম্নস্বাক্ষরকারীকে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রায়ই জবাবদিহিতার সম্মুখিন ও বিব্রতকর অবস্থায় পড়তে হচ্ছে। উল্লেখ্য যে, গত ১২/১১/২০১৯খ্রিঃ তারিখ ৫৯০ নম্বর স্মারকে আপনাকে এ সংক্রান্ত পত্র প্রদান করা হয়।

এমতাবস্থায়, আপনাকে নিয়মিত মাঠে ভ্রমন সহ শতভাগ কিস্তি আদায় নিশ্চিত করার জন্য বলা হলো এবং প্রতিদিনের মাঠে গমন ও আদায়ের তথ্য নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য বলা হলো। উল্লেখ্য যে, প্রতিমাসে আদায়যোগ্য ঋণের সমিতি ও সদস্য পর্যায়ে নূন্যতম ৮০% ঋণের কিস্তি আদায় ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা সহ আপনাকে উক্ত মাসের বেতন ভাতা প্রদান করা হবে না এবং অনধিক ২মাসের বেশি একত্রে বেতনভাতা প্রদান করা হবে না।

দাপ্তরিক ও জনস্বার্থে এ পত্র জারি করা হলো।

১১/৩/২০২০
আফরুজ্জামান
(ই-৩৪৮৪)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
Email: urdophultala@brdb.gov.bd
ফোনঃ ০৪১-৭০১০৫০

প্রাপক,

.....
পরিদর্শক/মাঠ সহকারী/গ্রাম সংগঠক
বিআরডিবি, ফুলতলা, খুলনা।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে-
১। উপপরিচালক, বিআরডিবি, খুলনা।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
৩। এআরডিও, বিআরডিবি, ফুলতলা, খুলনা। (পত্রের মর্মানুযায়ী নিয়মিত তদারকিপূর্বক প্রত্যহ অফিস চলাকালীন সময়ে প্রতি ২ ঘন্টা অন্তর ইউআরডিও কে অগ্রগতি অবগতকরণ সহ যথাযথ ব্যবস্থা গ্রহন করতে বলা হলো)।
৪। জেও, বিআরডিবি, ফুলতলা, খুলনা। (পত্রের মর্মানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহন করতে বলা হলো)।
৫। অফিস নথি।